ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৯৫
বিশালগড়, ৩১ অক্টোবর, ২০২৫

**সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে**
**সিপাহীজলায় দৌড় প্রতিযোগিতার অনুষ্ঠিত**

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে আজ এক দৌড় প্রতিযোগিতার আয়োজন করা হয়। সিপাহীজলা অভয়ারণ্যের এন্ট্রি গেইট থেকে সিপাহীজলা চিড়িয়াখানা পর্যন্ত ৭ কিলোমিটার দূরত্বের এই দৌড় প্রতিযোগিতা হয়। দৌড় প্রতিযোগিতায় জম্পুইজলাস্থিত টিএসআর-এর সপ্তম ব্যাটেলিয়ান, পাথালিয়াস্থিত টি এস আর -এর একাদশ ব্যাটেলিয়ান, রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীসহ সিপাহীজলার বিভিন্ন ক্রীড়া সংস্থার মোট ১০০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বিধায়ক অন্তরা সরকার দেব বলেন, দেশের ঐক্য, সংহতি সুদৃঢ় করতে যুব সমাজকে এগিয়ে আসতে হবে। ক্রীড়া, শরীর চর্চা ও সুস্থ সংস্কৃতির মাধ্যমেই দেশ এগিয়ে যাবে। এছাড়াও বক্তব্য রাখেন, ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা ধীমান বিশ্বাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলা শাসক উপেন্দ্র জমাতিয়া, চড়িলাম ব্লকের বিডিও উগ্নাজাই মগ, ডিসিএম অরূপ দত্ত প্রমুখ। প্রতিযোগিতায় প্রথম ১০ জন বিজয়ীর হাতে পুরস্কার স্বরূপ ট্রফি তুলে দেওয়া হয়।

*****